



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

স্মারক নং-ক/অ/

তারিখ :

বিষয় : এ বোর্ড হতে গত ২৯-১০-২০১৭ খ্রি. তারিখে ইস্যুকৃত ক/অ/৭৮৭ নং স্মারক পত্রটি প্রত্যাহার না করা প্রসঙ্গে।


সূত্রঃ ক) জেলা প্রশাসক, কুষ্টিয়া এর স্মারক নং-০৫.৪৪.৫০০০.০১২.৫৬. ০৫৫ ১৭-৩৯০, তারিখ-০৫-১১-২০১৭।  
খ) শিক্ষা মন্ত্রণালয়ের ১৬-৬-২০০৯ তারিখের এস.আর.ও ১৫৩/আইন/২০০৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এস.আর.ও ১৫৩/আইন/২০০৯ এর ৩৯(২) ধারা মোতাবেক এডহক কমিটি কোন বেসরকারি স্তরের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী নিয়োগ দেয়া ব্যতিত গভার্ণিং বডি'র সকল ক্ষমতা প্রয়োগ এবং সকল দায়িত্ব পালন করবে মর্মে বলা হয়েছে, বিধায় এ ক্ষেত্রে মহামান্য সূপ্রীম কোর্টের নির্দেশনার আলোকে কুষ্টিয়া সিটি কলেজের বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোহা: কামরুজ্জামানকে উক্ত কলেজের অধ্যক্ষ পদে পুনর্বহাল করার আইনগত কোন বাধা নেই।

তাছাড়া মহামান্য সূপ্রীম কোর্টের Appellate Division এ Civil Petition for leave to Appeal সিপি নং 1175/2017 এর গত ৯০৮-১১-২০১৭ খ্রি. তারিখের আদেশে Contempt Petition নিষ্পত্তি না হওয়া পর্যন্ত বিজ্ঞ চেম্বার জজ এর Stay order বহাল রাখেন। মহামান্য আদালত আদেশে বলেন, However, the order of stay granted earlier by the learned judge-in-chamber be continued till disposal of Contempt Petition. অপরদিকে মহামান্য আপীল বিভাগ হাইকোর্ট বিভাগকে ৩০-১১-২০১৭ খ্রি. তারিখের মধ্যে Contempt Petition নিষ্পত্তি করার জন্য আদেশ প্রদান করেন। মহামান্য আদালত আদেশে বলেন, The High Court Division is directed to disposal Contempt Petition by 30-11-2017 positively.

বর্ণিত অবস্থার প্রেক্ষিতে, মহামান্য সূপ্রীম কোর্টের নির্দেশনার আলোকে এ বোর্ড হতে গত ২৯-১০-২০১৭ খ্রি. তারিখে ইস্যুকৃত ক/অ/৭৮৭ নং স্মারক পত্রটি প্রত্যাহারের আইনগত কোন সুযোগ নেই বিধায় উক্ত স্মারক পত্রটি প্রত্যাহার করা সম্ভব হলনা। এমতাবস্থায়, দেশের সর্বোচ্চ আদালত মহামান্য সূপ্রীম কোর্টের নির্দেশনা মোতাবেক পত্র প্রাক্তির ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে কুষ্টিয়া সিটি কলেজের বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোহা: কামরুজ্জামানকে স্বপদে পুনর্বহাল করে বোর্ড কর্তৃপক্ষকে অবহিত করার জন্য আপনাকে বিশেষভাবে পুনরায় অনুরোধ করা হল।


সভাপতি  
এডহক কমিটি  
কুষ্টিয়া সিটি কলেজ, কুষ্টিয়া  
ও  
জেলা প্রশাসক, কুষ্টিয়া

  
(অমল কুমার বিশ্বাস)  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর  
ফোন : ০৪২১-৬৮৬৩৮

স্মারক নং-ক/অ/ ৮৫৫ (৩)/

তারিখ : ০৩/১১/২০১৭

- অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
  - ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
  - ৩। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
  - ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
  - ৫। অধ্যক্ষ, (ভারপ্রাপ্ত), কুষ্টিয়া সিটি কলেজ, কুষ্টিয়া
  - ৬। সংরক্ষণ নথি।

  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর  
